

জ্ঞানমূলক প্রশ্ন:

১. নকশিকাঁথা সেলাইয়ের উপযুক্ত সময় কখন?
২. কাঁসার তৈজসপত্র তৈরিতে কীসের ভিতর গলিত কাঁসা ঢালা হয়?
৩. আমাদের দেশের লোকশিল্প কী মানের?
৪. মসলিন শাড়ি কেমন আংটির ভিতর দিয়ে অনায়াসে প্রবেশ করানো যেত?
৫. বরিশালের কাঠের তৈরী কোন বস্তুটি বেশ নিপুণ?
৬. ‘আমাদের লোকশিল্প’ প্রবন্ধটি পাঠ করে শিক্ষার্থীরা কোন দেশের লোকশিল্প সম্পর্কে জানতে পারে?
৭. ‘আমাদের লোকশিল্প’ প্রবন্ধে লেখক কীসের বর্ণনা দিয়েছেন?
৮. খুলনার কোনটি সকলের কাছে পরিচিত?
৯. সিলেটের কোনটি সকলের কাছে পরিচিত?
১০. কুটির শিল্পকে লোকশিল্পের মধ্যে গণ্য করা হয় কেন?
১১. আমরা আমাদের ঐতিহ্যকে বিশ্বের কাছে তুলে ধরতে পারি কীভাবে?
১২. শীতলক্ষ্যা নদীর তীরে তাঁতশিল্প বিস্তার লাভ করেছে কেন?
১৩. ‘দুনিয়া জুড়ে তুলেছিল প্রবল আলোড়ন’- কী ?
১৪. ‘মসলিন ছিল বিলাসের বস্তু’- কাদের ক্ষেত্রে একথা গ্রহণযোগ্য?
১৫. মসলিনের ঐতিহ্য লালন করছে কোনটি?

সৃজনশীল প্রশ্ন:

রাহাত সাহেব তাঁর এক বন্ধুর বিয়েতে গিয়ে দেখতে পেল, অনেকেই সেখানে নানা ধরনের উপহারসামগ্রী নিয়ে হাজির হয়েছে। তাঁর উপহারটি একটু ভিন্ন ধরনের। গ্রামবাংলার পল্লিবধূদের সুনিপুণ হাতে তৈরি নানা রঙের নকশা আঁকা তাঁর এই উপহারের মধ্যে লুকিয়ে আছে বাংলার ঐতিহ্য এবং বাঙালি নারীর অনন্ত জীবন জিজ্ঞাসা। তাই উপহারটি একটু সেকেলে মনে হলেও এর মধ্য দিয়ে বাংলার ঐতিহ্য ও শিল্পসত্তাকে সমুন্নত রাখতে পারাটাই রাহাত সাহেবের কাছে গর্বের বিষয় বলে মনে হলো।

ক. বাংলার কোন গ্রামীণ লোকশিল্পটি আজ বিলুপ্তপ্রায়?

খ. জামদানি শাড়ির বৈশিষ্ট্য কী?

গ. উদ্দীপকে রাহাত সাহেবের উপহারটির মধ্যে বাঙালি রমণীর যে জীবনজিজ্ঞাসা লুকিয়ে রয়েছে, তোমার পঠিত প্রবন্ধের আলোকে তার তাৎপর্য বর্ণনা করো।

ঘ. রাহাত সাহেবের মনোভাবটুকু প্রত্যেকেই যদি লালন করে, তাহলে বাংলার গৌরবময় লোকশিল্প এখনো বিশ্বের দরবারে সমাদৃত হবে—কথাটির গুরুত্ব বিশ্লেষণ করো।